# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

## প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

**রিপোর্ট নম্বরঃ ১৬/২০২২**

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

## প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ১৬/২০২২

# সূচীপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নং |
| --- | --- | --- |
| **প্রথম অংশ** | | |
| ১ | মুখবন্ধ | ii |
| **অধ্যায়-১** | | |
| ২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ৩-৪ |
| ৩ | নির্বাহী সারসংক্ষেপ | ৫ |
| ৪ | শব্দ সংক্ষেপ | ৭ |
| **অধ্যায়-২** | | |
| ৫ | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ১১ |
| ৬ | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৩-২৪ |
| **দ্বিতীয় অংশ** | | |
| ৭ | পরিশিষ্টসমূহ | ২৭-৪৭ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, ঢাকা কার্যালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের আর্থিক কার্যক্রমের উপর প্রতিরক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এ রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এ রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এ অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ১০টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত অফিস প্রধানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এ রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এ অডিট সম্পাদন ও রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারিকৃত Government Auditing Standards of Bangladesh (GASB) অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এ অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

তারিখ ঃ ২১/১১/১৪২৯ বঙ্গাব্দ / ৬/৩/২০২৩ খ্রিষ্টাব্দ।

# অধ্যায়-১

## অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

**রিপোর্ট সম্পর্কিত তথ্য :**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা এ ক্রয় মহাপরিদপ্তর, ঢাকা কার্যালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। Audit Materiality বিবেচনা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লেনদেন দেখা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

### অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:

**প্রতিষ্ঠান পরিচিতি :**

বাংলাদেশের স্বাধীনতার অব্যবহিত পরেই ঢাকা সেনানিবাসে কম্বাইন্ড ওয়ার্কশপে প্রতিরক্ষা ক্রয় পরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা নামে অত্র প্রতিষ্ঠানের কার্যক্রম শুরু হয়। বিগত ১১ অক্টোবর ১৯৭২ খ্রিঃ তারিখে ডিডিপি পুরাতন সদর দপ্তর, প্রধান শাখা বাংলাদেশ বিমান বাহিনী ঘাটি, ঢাকা সেনানিবাসে স্থানান্তরিত হয়। পরবর্তীতে অত্র প্রতিষ্ঠান ০১ নভেম্বর ১৯৭২ খ্রিঃ তারিখে ৩ নম্বর গেইট ঢাকা সেনানিবাসের সন্নিকটে এবং পুনরায় ১৩ জানুয়ারী ১৯৭৩ খ্রিঃ তারিখে ২২ ক্যান্টনমেন্ট বাজার, ঢাকা সেনানিবাসে স্থানান্তরিত হয়। ১৯৭৬ সালে প্রতিরক্ষা ক্রয় পরিদপ্তর পুন:সংগঠিত হলে নতুন নামকরণ করা হয় "প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর"। সর্বশেষ ২২ সেপ্টেম্বর ১৯৮১ তারিখে বর্তমান অবস্থানে "প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর" স্থানান্তরিত হয়।

১৯৯৭ সালে সাংগঠনিক কাঠামো অনুযায়ী "প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের" জনবল সংশোধিত হয়ে ১৭৬ জনে উন্নীত হয়। ২০১৩ সালে উপ-মহাপরিচালক পদ সৃষ্টির মাধ্যমে ডিজিডিপির জনবল পুনরায় ১৭৭ এ উন্নীত হয়। বর্তমানে ডিজিডিপি সর্বশেষ ২০১৯ সালে পুনর্বিন্যাসকৃত টিওএন্ডই অনুযায়ী বর্ধিত ৬৪ জন সহ সর্বমোট ২৪১ জন জনবল নিয়ে পরিচালিত হচ্ছে।

**প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম :**

| ক্রমিক নং | শাখার নাম | পদের নাম | অনুমোদিত স্থায়ী পদ সংখ্যা | কর্মরত পদ সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ----- | মহাপরিচালক | ১ | ১ |
| ২ | আর্মি উইং ১ | উপ মহাপরিচালক | ১ | ১ |
| ৩ | আর্মি উইং ২ | উপ মহাপরিচালক | ১ | ১ |
| ৪ | নেভী উইং | উপ মহাপরিচালক | ১ | ১ |
| ৫ | বিমান উইং | উপ মহাপরিচালক | ১ | ১ |
| ৬ | প্রশাসন | উপ পরিচালক | ১ | ১ |
| ৭ | নেভী ও বিমান | উপ পরিচালক | ২ | ২ |

**প্রতিষ্ঠানের কার্যাবলী:**

- সকল প্রকার এ, বি, সি ভেহিক্যাল এবং উহার খুচরা যন্ত্রাংশ ক্রয় কার্যক্রম
- যানবাহনের ব্যাটারী ক্রয় কার্যক্রম
- সকল প্রকার ক্ষুদ্রাস্ত্র এবং গোলাবারুদ ক্রয় কার্যক্রম
- সকল প্রকার , মর্টার, আর আর, রকেট লাঞ্চার, মিজাইল, ট্যাংক, গ্রেনেড, হাওয়াইটজার, স্লাব টিএনটি, ডেটনেটর, সেফটি ফিউজ, কর্ড ডেটোনেটর, প্রাইমার, ট্রেনিং কার্তুজ, লেজার রেঞ্জ ফাইন্ডার, নাইট ভিশন ডিভাইস, নাইট ভিশন মলিকিউলার এবং স্নাইপার রাইফেল ক্রয় কার্যক্রম

## প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI):

বাংলাদেশ সেনাবাহিনী, বিমানবাহিনী এবং নৌবাহিনীর যাবতীয় ক্রয় কার্যক্রম সুষ্ঠু ও সুচারুভাবে সম্পন্ন করা।

**প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণ :**

| অফিসের নাম | অর্থবছর | বরাদ্দকৃত বাজেট (টাকা) | ব্যয়কৃত (টাকা) | উদ্বৃত্ত/অতিরিক্ত (টাকা) |
|---|---|---|---|---|
| প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর | ২০১৮-২০১৯ | ৮,৪৭,৯০,০০০ | ৭,৬০,৬৫,৯৮৫ | ৮৭,২৪,০১৫ |

**অডিটের আইনগত ভিত্তি:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) অনুযায়ী এ অডিট পরিচালনা করা হয়েছে।

**অডিটের পরিধি:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, ঢাকা কার্যালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বরাদ্দ ও পুন: উপযোজন এবং ব্যয় নির্বাহের উপর কমপ্লায়েন্স নিরীক্ষা।

**অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য:**

**অডিটের বিষয়বস্তু :**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, ঢাকা কার্যালয়ের আর্থিক কার্যক্রমের উপর কমপ্লায়েন্স নিরীক্ষা।

**অডিট কৌশল:**

নিরীক্ষার উদ্দেশ্য, বিষয়বস্তু, মানদন্ড ইত্যাদি নির্ধারণ করে ম্যাটেরিয়ালিটি ও নিরীক্ষা ঝুঁকি নির্ধারণ করা। নিরীক্ষাযোগ্য প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনুসরণীয় নিয়ম, আইন ও বিধি, নীতিমালা, কোড, চুক্তিপত্র সম্পর্কিত পর্যাপ্ত প্রমাণক এবং সময় সময় জারীকৃত সরকার অনুমোদিত প্রাসঙ্গিক সকল আদেশাবলী পর্যালোচনা করে নিরীক্ষা কার্য সম্পাদন করা।

**অডিটের সময়কাল:**

১৫/১২/২০১৯ খ্রি.তারিখ হতে ১৩/০২/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত।

# নির্বাহী সারসংক্ষেপ

প্রতিরক্ষা অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, ঢাকা কার্যালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট বরাদ্দের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

নিরীক্ষাকালীন বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন  পরিলক্ষিত হয়েছে। মূলতঃ প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এ অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্যে হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এ রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

গুরুতর আর্থিক অনিয়ম (SFI) হিসাবে ১০টি অনুচ্ছেদ এ রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে জড়িত টাকার পরিমাণ ৯২,০৩,৯৬,৮৯৩ (বিরানব্বই কোটি তিন লক্ষ ছিয়ানব্বই হাজার আটশত তিরানব্বই) টাকা। এ রিপোর্টে অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরুপ:

- অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে নতুন যানবাহন ক্রয় করায় অনিয়মিতভাবে ব্যয়।
- চাহিদা ও প্রাক্কলন ব্যতিরেকে অফিস ভবনের বিভিন্ন মেরামত কাজে অনিয়মিতভাবে ব্যয়।
- নির্ধারিত হারের চেয়ে অতিরিক্ত হারে ফ্রেইট চার্জ অন্তর্ভুক্ত করে চুক্তি সম্পাদনপূর্বক এলসি করায় সরকারের আর্থিক ক্ষতি।
- চুক্তিতে বর্ণিত দর অপেক্ষা অতিরিক্ত দর পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি।
- চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না হওয়া সত্ত্বেও আরোপযোগ্য জরিমানা কর্তন ব্যতীত বিল পরিশোধ করায় আর্থিক ক্ষতি।
- নির্ধারিত হারে তালিকাভুক্ত ঠিকাদারের নিকট হতে তালিকাভুক্তি ফি, নবায়ন ফি এবং ভ্যাট আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি।
- সাংগঠনিক কাঠামো বহির্ভূত অতিরিক্ত যানবাহন ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি।
- প্রাক্কলিত মূল্য অপেক্ষা অধিক দরে চুক্তি সম্পাদন করায় সরকারের আর্থিক ক্ষতি।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরণের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী অডিটের সুপারিশসমূহ বাস্তবায়ন না করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এ অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দ সংক্ষেপ

| | | |
|---|---|---|
| AFD | = | Armed Forces Division |
| CBU | = | Complete built Unit |
| CKD | = | Complete Knocked Down Unit |
| DGDP | = | Directorate General of Defence Purchase |
| DGMS | = | Directorate General of Medical Services |
| DP | = | Defence Purchase |
| DR | = | Discrepancy Report |
| FAT | = | Factory Acceptance Test |
| FOB | = | Free on Board (Cost and Risk depends on seller till goods are on Board on ship) |
| FR | = | Financial Regulations |
| IV&E | = | Inspectorate of Vehicle and Engineering Equipment |
| LC | = | Letter of Credit |
| NOA | = | Notification of Award |
| PQ | = | Price Quotation |
| PSI | = | Pre Shipment Inspection |
| RFQ | = | Request for Quotation |
| SOP | = | Standard Operating Procedure |
| SSM | = | Special Service Materials |
| SST | = | Special Service Tools |
| STD | = | Standard Tender Documents |

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অডিট অনুচ্ছেদ নং | আপত্তির শিরোনাম | জড়িত (টাকা) |
|---|---|---|
| ১ | অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে নতুন যানবাহন ক্রয় করায় অনিয়মিত ব্যয়। | ৩৬,১৪,৩৯,৬৩১ |
| ২ | চাহিদা ও প্রাক্কলন ব্যতিরেকে অফিস ভবনের বিভিন্ন মেরামত কাজে অনিয়মিতভাবে ব্যয়। | ৭,৫০,১৫৫ |
| ৩ | নির্ধারিত হারের চেয়ে অতিরিক্ত হারে ফ্রেইট চার্জ অর্ন্তভুক্ত করে চুক্তি সম্পাদনপূর্বক এলসি করায় সরকারের আর্থিক ক্ষতি। | ২,০৩,৯২,৭৮৩ |
| ৪ | চুক্তিতে বর্ণিত দর অপেক্ষা অতিরিক্ত দর পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ২,৫৯,৯০,৬৭৮ |
| ৫ | চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না হওয়া সত্ত্বেও আরোপযোগ্য জরিমানা কর্তন ব্যতিত বিল পরিশোধ করায় আর্থিক ক্ষতি। | ২১,২৪,৪৩,৪১৬ |
| ৬ | বিধি বহির্ভূতভাবে মনিহারী দ্রব্যাদি ক্রয় বাবদ অনিয়মিত ব্যয়। | ৫৭,৯৯,৬৫০ |
| ৭ | নির্ধারিত হারে তালিকাভুক্ত ঠিকাদারের নিকট হতে তালিকাভুক্তি ফি, নবায়ন ফি এবং ভ্যাট আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১৬,৯৭,৭১৬ |
| ৮ | সাংগঠনিক কাঠামো বহির্ভূত অতিরিক্ত যানবাহন ক্রয় করায় সরকারের অনিয়মিত ব্যয়। | ২১,৮৩,৮২,৫৬৪ |
| ৯ | প্রাক্কলিত মূল্য অপেক্ষা অধিক দরে চুক্তি সম্পাদন করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৭,২৭,০০,০০০ |
| ১০ | চুক্তি সম্পাদন ব্যতিত ক্রয় প্রক্রিয়া সম্পাদন করায় সরকারের অনিয়মিত ব্যয়। | ৮০০,৩০০ |
| | মোট টাকা | ৯২,০৩,৯৬,৮৯৩ |
| | (কথায়: বিরানব্বই কোটি তিন লক্ষ ছিয়ানব্বই হাজার আটশত তিরানব্বই মাত্র) | |

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

অডিট অনুচ্ছেদ নং-১

**শিরোনাম: অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে নতুন যানবাহন ক্রয় করায় অনিয়মিত ব্যয় ৩৬,১৪,৩৯,৬৩১ (ছত্রিশ কোটি চৌদ্দ লক্ষ উনচল্লিশ হাজার ছয়শত একত্রিশ) টাকা।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা কার্যালয়ে ২০১৮-২০১৯ অর্থবছরে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে নতুন যানবাহন ক্রয় করায় অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে ৩৬,১৪,৩৯,৬৩১/- টাকা।

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, ঢাকা এর গাড়ী সংক্রান্ত নথি, ক্যাশ বহি, বিল ভাউচার ও সংশ্লিষ্ট কাগজপত্র নিরীক্ষাকালে দেখা যায় যে, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর কর্তৃক অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ না করে নতুন যানবাহন ক্রয়/যানবাহন প্রতিস্থাপন করা হয়েছে। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ স্মারক নং- ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫.৩৫১(১), তারিখ-১৬/৮/২০১৫ খ্রি: এর সাথে সংযুক্ত অর্থ বিভাগে বিবেচনার জন্য প্রেরিতব্য তালিকার ক্রমিক নং-০৫ (ছ) অনুযায়ী যানবাহন ক্রয় ও প্রতিস্থাপনের প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করে অনুমোদন গ্রহণপূর্বক যানবাহন ক্রয় কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। কিন্তু এক্ষেত্রে উক্ত নীতিমালা অনুসরণ না করে উত্তরা ও নাভানা মোটরস এর নিকট হতে ৭টি Low bed (20-40) Ton Complete With std tools and Acc Prime Mover Semi Trailer এবং ৪৮টি Bus Non-AC (46-56) Seats যানবাহন ক্রয় ও প্রতিস্থাপন বাবদ অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট-১]।

**অনিয়মের কারণ:**

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ এর স্মারক নং ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫.৩৫১(১), তারিখ-১৬/৮/২০১৫ খ্রি: লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

স্থানীয় কর্তৃপক্ষ লিখিত জবাব প্রদান থেকে বিরত থাকেন।

**নিরীক্ষা মন্তব্য:**

যানবাহন ক্রয়/প্রতিস্থাপনের জন্য অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করা প্রয়োজন ছিল। অনিয়মিতভাবে ব্যয়িত অর্থ নিয়মিতকরণের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের ঘটনাত্তোর অনুমোদন গ্রহণ করা আবশ্যক। অন্যথায় ব্যয়িত অর্থ আদায়যোগ্য। ২৯-০৭-২০২০ খ্রি: তারিখে ০১(এক) মাস সময়ের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের অনুরোধ জানিয়ে চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৩-০৯-২০২০ খ্রি: তারিখে তাগিদপত্র জারি করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশ:**

দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক অনুমোদন ব্যতিরেকে নতুন যানবাহন ক্রয় বাবদ ব্যয়িত অর্থ নিয়মিত করা আবশ্যক।

## অডিট অনুচ্ছেদ নং-০২

**শিরোনাম: চাহিদা ও প্রাক্কলন ব্যতিরেকে অফিস ভবনের বিভিন্ন মেরামত কাজে অনিয়মিতভাবে ব্যয় ৭,৫০,১৫৫ (সাত লক্ষ পঞ্চাশ হাজার একশত পঞ্চান্ন) টাকা।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা কার্যালয়ে ২০১৮-২০১৯ অর্থবছরে চাহিদা ও প্রাক্কলন ব্যতিরেকে অফিস ভবনের বিভিন্ন মেরামত কাজে অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে ৭,৫০,১৫৫ টাকা।

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা এর ক্যাশবুক, বাজেট, খরচের হিসাব ও বিল/ভাউচার যাচাইকালে দেখা যায় যে, অফিস ভবন এবং সৈনিক লাইনের বিভিন্ন প্রকার মেরামত কাজের জন্য চাহিদা ও প্রাক্কলন ব্যতিরেকে অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে ৭,৫০,১৫৫ টাকা। ২০১৮-২০১৯ অর্থবছরে অফিস ভবনের বিভিন্ন প্রকার মেরামত করে ৭,৫০,১৫৫ টাকা ০২ (দুই) টি বিলের মাধ্যমে মেসার্স এস এ এন্টারপ্রাইজ, ঢাকা কে পরিশোধ করা হয়েছে । এমইএস রেগুলেশন ৩১ এবং ৩৭ মোতাবেক প্রতিরক্ষা বাহিনীর যে কোন ধরণের পূর্ত কাজ করার পূর্বে ব্যবহারকারী কর্তৃক ইঞ্জিনিয়ারিং কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট এমইএসকে চাহিদাপত্র প্রদান করার নিয়ম রয়েছে। কিন্তু এক্ষেত্রে চাহিদা এবং কোন প্রকার কাজের প্রাক্কলন ব্যতিত মেরামত কাজ সম্পাদন করা হয়েছে। [বিস্তারিত পরিশিষ্ট- ২ ]

**অনিয়মের কারণঃ**

এমইএস রেগুলেশন ৩১ এবং ৩৭ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

স্থানীয় কর্তৃপক্ষ জবাব প্রদানে বিরত থাকেন ।

**নিরীক্ষা মন্তব্য:**

এমইএস রেগুলেশন মোতাবেক যেকোন পূর্ত কাজ শুরুর পূর্বে অবশ্যই চাহিদাপত্র থাকতে হবে। চাহিদাপত্র ব্যতিত কোন কাজ সম্পাদন করা যুক্তিযুক্ত নয়। ২৯-০৭-২০২০ খ্রি: তারিখে ০১(এক) মাস সময়ের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের অনুরোধ জানিয়ে চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৩-০৯-২০২০ খ্রি: তারিখে তাগিদপত্র জারি করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশ:**

চাহিদা ও প্রাক্কলন ব্যতিরেকে বিভিন্ন মেরামত কাজে অনিয়মিতভাবে আপত্তিকৃত ব্যয়ের বিষয়ে দায় দায়িত্ব নির্ধারণ পূর্বক দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অডিট অনুচ্ছেদ নং- ০৩

**শিরোনাম: নির্ধারিত হারের চেয়ে অতিরিক্ত হারে ফ্রেইট চার্জ অর্ন্তভুক্ত করে চুক্তি সম্পাদনপূর্বক এলসি করায় সরকারের আর্থিক ক্ষতি ২,০৩,৯২,৭৮৩ (দুই কোটি তিন লক্ষ বিরানব্বই হাজার সাতশত তিরাশি) টাকা।**

**বিবরণ:** প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা কার্যালয়ে ২০১৮-২০১৯ অর্থবছরে নির্ধারিত হারের চেয়ে অতিরিক্ত হারে ফ্রেইট চার্জ অন্তর্ভুক্ত করে চুক্তি সম্পাদনপূর্বক এলসি করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ২,০৩,৯২,৭৮৩ টাকা।

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের আর্মি-উইং ১ এর পি-৪ শাখার চুক্তি নং-২১৮.১৭৬.১৮ তাং: ২৬ জুন ২০১৯ খ্রি: এর টেন্ডার স্পেসিফিকেশন, আর্থিক অফার, এলসি, পরিশোধিত বিলপত্র এবং অন্যান্য রেকর্ডপত্র যাচাই করা হয়। যাচাইকালে দেখা যায় যে, নির্ধারিত হারের চেয়ে অতিরিক্ত হারে ফ্রেইট চার্জ অর্ন্তভুক্ত করে চুক্তি সম্পাদনপূর্বক এলসি করায় সরকারের আর্থিক ক্ষতি ২,০৩,৯২,৭৮৩ টাকা। Local agent: Getco Ltd এবং Principal: Kintex Share holding company, Bulgaria এর মূল্য উদ্ধৃতিসহ দরপ্রস্তাব পাওয়ার প্রেক্ষিতে চুক্তি সম্পাদন করা হয়। দরদাতা কর্তৃক দরপ্রস্তাবে মোট এফওবি ভ্যালু (Total FOB Value) এর উপর ফ্রেইট চার্জ/পরিবহন চার্জ (Freight Charge) ৫% এর পরিবর্তে ৫১.৮৯% হারে হওয়ায় অতিরিক্ত মূল্য হ্রাসকরণের জন্য সরবরাহকারীকে অনুরোধ করা হলেও চুক্তিতে অতিরিক্ত ফ্রেইট চার্জ ধরে চুক্তি সম্পাদনপূর্বক এলসি করা হয়। চুক্তি মোতাবেক মোট এফওবি মূল্য ৪,১৩,১০০ ইউরো এর ভিত্তিতে ফ্রেইট চার্জ ৪,১৩,১০০× ৫% = ২০,৬৫৫ ইউরো পর্যন্ত হতে পারে। কিন্তু চুক্তিতে ফ্রেইট চার্জ/পরিবহন চার্জ (Freight Charge) ২,৩৫,০০০ ইউরো উল্লেখ আছে, যা শতকরা হিসাবে ৫১.৮৯%। এফ.আর. পার্ট-১, বিধি-১৭৪ অনুযায়ী ফ্রেইট চার্জ মোট এফওবি ভ্যালুর ৫% এর মধ্যে থাকতে হবে। কিন্তু এক্ষেত্রে অধিক দরে (Exorbitantly high) ফ্রেইট চার্জ অর্ন্তভুক্ত করে দরদাতা কর্তৃক দর গ্রহণ করে চুক্তি সম্পাদন করায় (২,৩৫,০০০- ২০,৬৫৫) = ২,১৪,৩৪৫ ইউরো বা (২,১৪,৩৪৫× ৯৫.১৪)=২,০৩,৯২,৭৮৩ টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

**অনিয়মের কারণ:**

ফিন্যান্সিয়াল রেগুলেশনস্ পার্ট-১. বিধি-১৭৪ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

স্থানীয় কর্তৃপক্ষ জবাব প্রদান থেকে বিরত থাকেন।

**নিরীক্ষা মন্তব্য:**

এফ আর পার্ট-১. বিধি-১৭৪ অনুযায়ী ফ্রেইট চার্জ মোট এফওবি ভ্যালুর ৫% এর মধ্যে থাকতে হবে। এক্ষেত্রে ৫% এর স্থলে ৫১.৮৯% হারে অন্তর্ভুক্ত করে চুক্তিপত্র সম্পাদন করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে, যা আদায়যোগ্য। ২৯-০৭-২০২০ খ্রি: তারিখে ০১(এক) মাস সময়ের মধ্যে নিস্পত্তিমূলক জবাব প্রেরণের অনুরোধ জানিয়ে চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৩-০৯-২০২০ খ্রি: তারিখে তাগিদপত্র জারি করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশ:**

দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

## অডিট অনুচ্ছেদ নং-০৪

**শিরোনাম: মূল চুক্তির নির্ধারিত দরের পরিবর্তে বিনির্দেশ পরিবর্তন করে অধিক দর পরিশোধ করায় সরকারের ২,৫৯,৯০,৬৭৮ (দুই কোটি উনষাট্ট লক্ষ নব্বই হাজার ছয়শত আটাত্তর) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণঃ**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা কার্যালয়ে ২০১৮-২০১৯ অর্থবছরে মূল চুক্তিতে বর্ণিত বিনির্দেশ পরিবর্তন করে ২০১৭- ২০১৮ অর্থ বছরে স্বাক্ষরিত চুক্তিতে বর্ণিত দর অপেক্ষা অতিরিক্ত দর পরিশোধে ২,৫৯,৯০,৬৭৮/- আর্থিক ক্ষতি হয়েছে।

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের আর্মি-উইং ১, পি-১ শাখার ২০১৭-২০১৮ অর্থবছরে সম্পাদিত চুক্তিপত্রসমূহ যাচাইকালে দেখা যায় যে, চুক্তিপত্র নং-২১৪.১০২৩.১৬ তারিখ: ১৯/০৬/২০১৭ এ মূল চুক্তির নির্ধারিত দরের পরিবর্তে বিনির্দেশ পরিবর্তন করে অধিক দর পরিশোধ করায় সরকারের ২,৫৯,৯০,৬৭৮ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। বর্ণিত বিনির্দেশ অনুযায়ী ২৮৫টি লরী তিন টন ইস্যুজু মডেল FSS 33G (Militarized) বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি (বিএমটিএফ) এর মাধ্যমে প্রতিটি ৮,২০,০০০ টাকা দরে CKD (Complete Knocked Down Unit) হতে CBU (Complete built Unit) এ রূপান্তর করার জন্য উত্তরা মটর্স এর সাথে চুক্তিপত্র নং-২১৪.১০২৩.১৬ তারিখ: ১৯/০৬/২০১৭ সম্পাদিত হয়। উক্ত ২৮৫ টি লরীর মধ্যে বাংলাদেশ সেনাবাহিনীর ১৩০টি লরী অন্তর্ভুক্ত ছিল, যার মধ্যে ২৩ টি লরীর চুক্তি সম্পাদনের দীর্ঘ দুই বছর অতিক্রান্তের পর ২০১৮-২০১৯ অর্থবছরে বিনির্দেশ পরিবর্তন করে মূল চুক্তির নির্ধারিত দরের পরিবর্তে অধিক দরে বিএমটিএফ কর্তৃক CKD হতে CBU-তে রূপান্তর করায় ২,৫৯,৯০,৬৭৮ টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট-৩]।

**অনিয়মের কারণঃ**

চুক্তি পত্র নং ২১৪.১০২৩.১৬ তারিখ:১৯/০৬/২০১৭ সম্পাদনের দীর্ঘ দুই বছর অতিক্রান্তের পর ২০১৮-২০১৯ অর্থ বছরে চুক্তির বিনির্দেশ পরিবর্তন করে দর বৃদ্ধি।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

২৮৫ টি ৩ টন ইস্যুজু মডেল বিএমটিএফ এর মাধ্যমে প্রতিটি ৮,২০,০০০.০০ টাকা সিকেডি হতে সিবিইউতে রূপান্তর করার জন্য মেসার্স উত্তরা মটরস লিঃ এর সাথে চুক্তিপত্র নং ২১৪.১০২৩.১৬ তারিখ ১৯-০৬-২০১৭ সম্পাদিত হয়। উক্ত ২৮৫ টি লরীর মধ্যে বাংলাদেশ সেনাবাহিনীর ১৩০ টি লরী অর্ন্তভুক্ত ছিল। উক্ত ১৩০ টির মধ্যে ২৩ টি লরীর চুক্তি সম্পাদনের দীর্ঘ সময় অতিক্রান্তের পর ২০১৮-২০১৯ অর্থ বছরে বিনির্দেশ পরিবর্তন করে আর্থিক সংশ্লেষ বৃদ্ধি করা হয়েছে বলে আপত্তি উত্থাপিত হয়। এখানে উল্লেখ্য যে, ১০ টি স্টোর বিন লরী, ১০ টি সপসেট (ইএমই) এবং ০৮ টি বিন লরী (অর্ডন্যান্স) রূপান্তরের ব্যাপারে সংশ্লিষ্ট পরিদপ্তর কর্তৃক এবং ডিজিডিপি কর্তৃক চুক্তিপত্রে কোন প্রকার সংশোধনী প্রদান করা হয়নি এবং সরকারের কোন অতিরিক্ত অর্থ ব্যয় হয়নি। সশস্ত্রবাহিনী ক্রয় নীতিমালা-২০১০ (২য় সংস্করণ) নথি নং ০৬.০০.০০০০.০২১.৪৩.০০১.১৮/ তারিখ ২৪ জুলাই ২০১৮ এর মাধ্যমে সশস্ত্র বাহিনীর যে কোন পণ্য মোডিফিকেশন/এ্যাসেম্বলী করার প্রয়োজন হলে তা সেনাবাহিনীর প্রতিষ্ঠানের তত্ত্বাবধান করতে হবে মর্মে উল্লেখ রয়েছে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তি সহায়ক নয়। চুক্তি সম্পাদনের দীর্ঘসময় অতিক্রান্তের পর বিনির্দেশ পরিবর্তন করে পূর্বের চুক্তি মূল্য বৃদ্ধি করা হয়েছে। ফলে উক্ত টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। ২৯-০৭-২০২০ খ্রিঃ তারিখে ০১(এক) মাস সময়ের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের অনুরোধ জানিয়ে চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৩-০৯-২০২০ খ্রিঃ তারিখে তাগিদপত্র জারি করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ**

দায়-দায়িত্ব নির্ধারণ সহ আপত্তিতে উল্লিখিত মূল চুক্তি মূল্যের চেয়ে অতিরিক্ত পরিশোধিত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

## অডিট অনুচ্ছেদ নং- ০৫

**শিরোনাম: চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না হওয়া সত্ত্বেও আরোপযোগ্য জরিমানা কর্তন ব্যতীত বিল পরিশোধ করায় ২১,২৪,৪৩,৪১৬ (একুশ কোটি চব্বিশ লক্ষ তেতাল্লিশ হাজার চারশত ষোলো) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা কার্যালয়ে ২০১৮-২০১৯ অর্থবছরে চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না হওয়া সত্ত্বেও আরোপযোগ্য জরিমানা কর্তন ব্যতীত বিল পরিশোধ করায় সরকারের ২১,২৪,৪৩,৪১৬ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের বিভিন্ন কার্যালয়ের সংশ্লিষ্ট উপবিভাগ সমূহের ঠিকাচুক্তির চুক্তিপত্র, এমবি ও বিল-ভাউচার নিরীক্ষাকালে দেখা যায় যে, চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না হওয়া সত্ত্বেও আরোপযোগ্য জরিমানা কর্তন ব্যতীত ঠিকাদারকে বিল পরিশোধ করায় ২১,২৪,৪৩,৪১৬ টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রকল্প ও নির্মাণ কাজের বিল হতে Contract specification এর ক্রমিক ২১ এ উল্লিখিত Delivery Schedule এবং চুক্তিপত্রের চুক্তির ১৭ নং শর্তে উল্লেখ রয়েছে "In case the supplier fails to complete shipment delivery within the date stipulated in this contract, the purchaser shall have the right to impose Liquidated Damage at the rate of 2% per months not exceed 10% the total contract value". চুক্তি পত্রের জিসিসি (General condti on of contract) ২৯.১ মোতাবেক বিলম্বে অনিষ্পন্ন কাজের মূল্যের উপর প্রতি সপ্তাহে ০.৫০% হারে, তবে সর্বোচ্চ ১০% এর অধিক নয় বিলম্ব জরিমানা আদায় করতে হবে। এছাড়া পিপিআর-২০০৮ এর বিধি ৩৯(২৭) মোতাবেক মূল চুক্তিতে প্রস্তাবিত বা বর্ধিত সমাপ্তির তারিখ হতে প্রতিদিন বিলম্বের জন্য ঠিকাদার চুক্তিতে নির্ধারিত দৈনিক বা সাপ্তাহিক হারে বিলম্ব জরিমানা (LD) ক্ষতিপূরণ হিসেবে প্রদান করবে। আলোচ্য ক্ষেত্রে তা প্রতিপালিত হয়নি। ফলে বর্ণিত কাজের বিল হতে চুক্তির শর্ত মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পাদন না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা কর্তন ব্যতিত বিল পরিশোধ করায় আর্থিক ক্ষতি হয়েছে ২১,২৪,৪৩,৪১৬ টাকা।
[বিস্তারিত পরিশিষ্ট- ০৪ (১ হতে ১০)]।

**অনিয়মের কারণ:**

Contract specification এর ক্রমিক ২১ এ উল্লিখিত Delivery Schedule এবং জিসিসি (General condtion of contract) ২৯.১ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

২৭টি আপত্তির বিষয়ে কর্তৃপক্ষ জবাব প্রদান করেন (পরিশিষ্টে সন্নিবেশ করা হয়েছে)। ০২টি আপত্তির বিষয়ে কর্তৃপক্ষ জবাব প্রদানে বিরত থাকেন।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিষ্পত্তি সহায়ক নয়। কোন প্রকার জরিমানা ছাড়াই সময় বর্ধনের বিষয়টি অনুমোদন করা হয়েছে। পিপিআর-২০০৮ এর ৩৯(২৭) এবং চুক্তিপত্রের শর্ত মোতাবেক জরিমানা আদায় করা হয়নি। বিষয়টি গুরুতর আর্থিক অনিয়ম।২৯-০৭-২০২০ খ্রিঃ তারিখে ০১(এক) মাস সময়ের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের অনুরোধ জানিয়ে চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৩-০৯-২০২০ খ্রিঃ তারিখে তাগিদপত্র জারি করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ**

আপত্তিতে উল্লিখিত জরিমানা আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অডিট অনুচ্ছেদ নং-৬

**শিরোনাম: বিধি বহির্ভূতভাবে মনিহারি দ্রব্যাদি ক্রয় বাবদ অনিয়মিতভাবে ব্যয় ৫৭,৯৯,৬৫০ (সাতান্ন লক্ষ নিরানব্বই হাজার ছয়শত পঞ্চাশ) টাকা।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা কার্যালয়ে ২০১৮-২০১৯ অর্থবছরে বিধি বহির্ভূতভাবে দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য মনিহারি দ্রব্যাদি ক্রয় করায় অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে ৫৭,৯৯,৬৫০ টাকা।

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা এর ক্যাশবুক, বাজেট, খরচের হিসাব ও বিল/ভাউচার যাচাইকালে দেখা যায় যে, বিধি বহির্ভূতভাবে মনিহারি দ্রব্যাদি ক্রয় বাবদ অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে ৫৭,৯৯,৬৫০ টাকা। ডিজিডিপি অফিসের ব্যবহারের জন্য ৪৫,৭২,০৫০ টাকা এবং ১২,২৭,৬০০ টাকা মূল্যের দু'টি লটে মনিহারি দ্রব্যাদি উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ক্রয়ের জন্য ২৩/০৯/২০১৮ খ্রি. তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এর প্রেক্ষিতে প্রতিটি লটের জন্যই ০৩(তিন)টি প্রতিষ্ঠান দরপত্রে অংশ গ্রহণ করলে ১ম লটে মেসার্স আলফা ইন্টারন্যাশনাল, ঢাকা এবং ২য় লটে মেসার্স এসআর এন্টারপ্রাইজ ঢাকা কে সর্বনিম্ন দরদাতা হিসেবে মনোনীত করা হয় এবং মেসার্স আলফা ইন্টারন্যাশনালকে ৪৫,৭২,০৫০ টাকা এবং মেসার্স এসআর এন্টারপ্রাইজকে ১২,২৭,৬০০ টাকার বিল পরিশোধ করা হয়। আলোচ্য ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগ করা হলেও পিপিআর এর বিধি ১৬(১), ১৬(৫), ৭, ৩৭(৩), ৯০(৫), ৯১(১২) মোতাবেক বার্ষিক ক্রয় পরিকল্পনা, দরপত্র দলিল চূড়ান্ত করার পূর্বে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত, দরপত্র উন্মুক্ত করণ কমিটি, Notification of Award (NOA) পাওয়া যায়নি এবং তফসিল ১০ এর অংশ "ঘ" মোতাবেক দরপত্র আহবান করা হয়নি। তাছাড়া বিধি ৯৬ এ তফসিল ১২ এর অংশ-ক মোতাবেক টেন্ডার সাবমিশন লেটার পূরন না করেই মনিহারি দ্রব্যাদি ক্রয়ে ৫৭,৯৯,৬৫০ টাকা অনিয়মিতভাবে পরিশোধ করা হয়েছে।

**অনিয়মের কারণ:**

পিপিআর-২০০৮ এর বিধি- ১৬(১), ১৬(৫), ৭, ৩৭(৩), ৯০(৫), ৯১(১২) এবং তফসিল ১০ এর অংশ "ঘ" এবং বিধি ৯৬ এ তফসিল ১২ এর অংশ-ক লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

স্থানীয় কর্তৃপক্ষ লিখিত জবাব প্রদানে বিরত থাকেন ।

**নিরীক্ষা মন্তব্য:**

দ্রব্য সামগ্রী ক্রয় সংক্রান্ত যাবতীয় কাজ রুটিন কাজের অংশ কাজেই অর্থবছরের শুরুতে পরিকল্পনা প্রণয়নপূর্বক পিপিআর অনুসরণ করে কার্য সম্পাদন করা যুক্তিযুক্ত ছিল। আর্থিক বিষয়ে পিপিআর-২০০৮ এর নির্দেশনা মোতাবেক ক্রয় প্রক্রিয়া সম্পাদন না করায় এ ধরনের অনিয়ম সংঘটিত হয়েছে। ২৯-০৭-২০২০খ্রি: তারিখে ০১(এক) মাস সময়ের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের অনুরোধ জানিয়ে চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৩-০৯-২০২০ খ্রি: তারিখে তাগিদপত্র জারি করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশ:**

দায়ী ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পাশাপাশি ভবিষ্যতে একই ধরণের অনিময়মের পুনরাবৃত্তি রোধে উর্ধ্বতন কর্তৃপক্ষের সজাগ দৃষ্টি রাখা আবশ্যক।

### অডিট অনুচ্ছেদ নং-৭

**শিরোনাম: নির্ধারিত হারে তালিকাভুক্ত ঠিকাদারের নিকট হতে তালিকাভুক্তি ফি, নবায়ন ফি এবং ভ্যাট আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি ১৬,৯৭,৭১৬ (ষোলো লক্ষ সাতানব্বই হাজার সাতশত ষোলো) টাকা।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা কার্যালয়ে ২০১৮-২০১৯ অর্থবছরে তালিকাভুক্ত ঠিকাদারের নিকট হতে নির্ধারিত হারে তালিকাভুক্তি ফি, নবায়ন ফি এবং উক্ত ফি'র উপর ভ্যাট আদায় না করায় সরকারের ১৬,৯৭,৭১৬ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা কার্যালয়ের রেজিস্ট্রেশন শাখায় রক্ষিত ঠিকাদারের তালিকা রেজিষ্টার, ডিজিডিপি'র প্ল্যান এ রক্ষিত ২০১৮-২০১৯ আর্থিক সালের তালিকাভুক্ত ঠিকাদারের তালিকা, ফি আদায় রেজিষ্টার যাচাইকালে দেখা যায়, ডিজিডিপি'র তালিকাভুক্ত ঠিকাদারের নিকট হতে সুনির্দিষ্ট হারে তালিকাভুক্তি ফি, নবায়ন ফি এবং উক্ত ফি'র উপর সুনির্দিষ্ট হারে ভ্যাট আদায় করা হয়নি। পিপিআর-২০০৮ তফসিল-২ এর বিধি ৫২(৩) (ঙ) মোতাবেক শ্রেণিভিত্তিক তালিকাভুক্তি ফি ৫০০০ টাকা ও নবায়ন ফি ২০০০ টাকা আদায়যোগ্য এবং জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং- এস, আর, ও নং ২০৩-আইন/২০০৯ তারিখ:১২ আগষ্ট, ২০০৯ দ্বারা " বিধি এবং এন্ট্রিসমূহ" সংযোজিত সেকশন ৪১ (জ) এর (আ) " মোতাবেক উক্ত ফি'সমূহের উপর ১৫% হারে ভ্যাট আদায়যোগ্য। কিন্তু আলোচ্য ক্ষেত্রে উক্ত বিধি অনুসরণ না করে তালিকাভুক্তি ফি, নবায়ন ফি ও উক্ত ফি'র উপর ভ্যাট বাবদ ১৬,৯৭,৭১৬ টাকা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট-৫] ।

**অনিয়মের কারণ:**

- পিপিআর-২০০৮ তফসিল-২ এর বিধি ৫২(৩) (ঙ) লঙ্ঘন।
- জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং- এস, আর, ও নং ২০৩-আইন/২০০৯ তারিখ:১২ আগষ্ট, ২০০৯ দ্বারা " বিধি এবং এন্ট্রিসমূহ" সংযোজিত সেকশন ৪১ (জ) এর (আ) লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

স্থানীয় কর্তৃপক্ষ জবাব প্রদানে বিরত থাকেন।

**নিরীক্ষা মন্তব্য:**

পিপিআর-২০০৮ এর বিধি ৫২(৩)(ঙ) মোতাবেক তালিকাভুক্তি ফি, নবায়ন ফি এবং জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ মোতাবেক উক্ত ফি'সমূহের উপর ভ্যাট আদায় করা হয়নি। উক্ত আদেশ মোতাবেক তালিকাভুক্তি ফি, নবায়ন ফি এবং উক্ত ফি'সমূহের উপর ভ্যাট আদায় করা আবশ্যক। ২৯-০৭-২০২০ খ্রি: তারিখে ০১(এক) মাস সময়ের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের অনুরোধ জানিয়ে চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৩-০৯-২০২০ খ্রি: তারিখে তাগিদপত্র জারি করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশ:**

সংশ্লিষ্ট ঠিকাদারগণের নিকট হতে অনাদায়ী অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

## অডিট অনুচ্ছেদ নং-০৮

**শিরোনামঃ সাংগঠনিক কাঠামো বহির্ভূত অতিরিক্ত যানবাহন ক্রয় বাবদ অনিয়মিত ব্যয় ২১,৮৩,৮২,৫৬৪ (একুশ কোটি তিরাশি লক্ষ বিরাশি হাজার পাঁচশত চৌষট্টি) টাকা।**

**বিবরণঃ** প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা কার্যালয়ে ২০১৮-২০১৯ অর্থবছরে সাংগঠনিক কাঠামো বহির্ভূত অতিরিক্ত যানবাহন ক্রয় করায় অনিয়মিত ব্যয় ২১,৮৩,৮২,৫৬৪ টাকা ।

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, ঢাকা কার্যালয়ের গাড়ি সংক্রান্ত নথি, T&OE ইত্যাদি নথি পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, সাংগঠনিক কাঠামো বহির্ভূত অতিরিক্ত যানবাহন ক্রয় বাবদ অনিয়মিত ব্যয় করা হয়েছে ২১,৮৩,৮২,৫৬৪ টাকা। সাংগঠনিক কাঠামো বহির্ভূত অতিরিক্ত আইটেম হিসাবে Sedan Car (৩০টি), Road Roller (০৩টি), 5 Door Jeep Armoured Bullet Proof (Petrol Eng Dri) Toyota Land Cruiser (০২টি), 5 Door Jeep Armoured/Bullet Proof (Diesel Eng Dri) (০৪টি), 5 Door Gasolin Jeep (Escort Jeep) (০৫টি), সর্বমোট=৪৪ (চুয়াল্লিশ) টি যানবাহন ক্রয় করা হয়েছে। উক্ত গাড়িসমূহ ক্রয়ের জন্য শুধুমাত্র সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক নীতিগত অনুমোদন নেওয়া হয়েছে। কিন্তু শুধুমাত্র সশস্ত্র বাহিনীর নীতিগত অনুমোদন উক্ত গাড়ি ক্রয়ের জন্য যথেষ্ট নয়। কারণ T&OE অনুমোদনকারী কর্তৃপক্ষ জনপ্রশাসন মন্ত্রণালয়। সেহেতু অনিয়মিতভাবে সাংগঠনিক কাঠামোর প্রাধিকারের অতিরিক্ত যানবাহন ক্রয় বাবদ অনিয়মিত ব্যয় করা হয়েছে ২১,৮৩,৮২,৫৬৪ টাকা। [ বিস্তারিত পরিশিষ্ট-৬]।

**অনিয়মের কারণঃ**

চুক্তি পত্র নং ২১৪.১১৯৯.১৮ তাং-১২/০৬/২০১৯; ২১৪.১১৮২.১৮ তাং-১২/০৬/২০১৯; ২১৪.১১৯০.১৮ তাং-২৬/০৬/২০১৯ ; ২১৪.১১৯১.১৮ তাং-২৫/০৬/২০১৯; এবং ২১৪.১১৭৯.১৮ তাং-১৪/১১/২০১৮ এর মাধ্যমে সাংগঠনিক কাঠামোর প্রাধিকার অতিরিক্ত যানবাহন ক্রয় করায় অনিয়ম।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

স্থানীয় কর্তৃপক্ষ লিখিত জবাব প্রদান থেকে বিরত থাকেন।

**নিরীক্ষা মন্তব্যঃ**

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করে যানবাহন ক্রয় করা উচিত ছিল। প্রাধিকারে অন্তর্ভুক্ত না করে গাড়ি ক্রয় করায় এ ধরণের অনিয়ম সংঘটিত হয়েছে। ২৯-০৭-২০২০ খ্রিঃ তারিখে ০১(এক) মাস সময়ের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের অনুরোধ জানিয়ে চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৩-০৯-২০২০ খ্রিঃ তারিখে তাগিদপত্র জারি করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ**

দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক ক্রয়কৃত যানবাহন সাংগঠনিক কাঠামোর অন্তর্ভুক্ত করা অন্যথায় টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

### অডিট অনুচ্ছেদ নং-০৯

**শিরোনাম: প্রাক্কলিত মূল্য অপেক্ষা অধিক দরে চুক্তি সম্পাদন করায় সরকারের ৭,২৭,০০,০০০ (সাত কোটি সাতাশ লক্ষ) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা কার্যালয়ে ২০১৮-২০১৯ অর্থবছরে প্রতিযোগিতামূলক দর নিশ্চিত না করে প্রাক্কলিত মূল্য অপেক্ষা অধিক দরে চুক্তি সম্পাদন করায় সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে ৭,২৭,০০,০০০ টাকা।

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি) এর নেভী শাখার ক্রয় চুক্তি নং- ২৪২.০৭.০৪৫.১৮ তারিখ: ১১/০২/২০১৯ খ্রি. এর জন্য রক্ষিত নথি যাচাইকালে পরিলক্ষিত হয় যে, প্রাক্কলিত মূল্য অপেক্ষা অধিক দরে চুক্তি সম্পাদন করায় সরকারের ৭,২৭,০০,০০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। বিস্তারিত পর্যালোচনায় দেখা যায়, ০১(এক)টি Astern Underway Replenishment (UNREP) System ক্রয় করার জন্য পরিচালক টেকনিক্যাল স্টোর পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর কর্তৃক পত্র নং- ২৩.০২.২৬২৬.১৮২.৪৪.৫৫১.১৮.৩৮৯০ তারিখ: ২১/০৬/২০১৮খ্রি. এর মাধ্যমে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট টেন্ডার কমিটি কর্তৃক প্রস্তুতকৃত টেন্ডার মোতাবেক ৯ (নয়) কোটি টাকা প্রাক্কলিত দর উল্লেখপূর্বক ০১(এক) টি চাহিদাপত্র ডিজিডিপি কার্যালয়ে প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে ডিজিডিপি কর্তৃক দরপত্র নং- ০৬.০৬.০০০০.২৪২.০৭.০৪৫.১৬ তারিখ: ২৪/০৬/২০১৮ খ্রি. এর মাধ্যমে দেশীয় মুদ্রায় ডবল ইনভেলাপ পদ্ধতিতে ক্রয়ের জন্য আহবান করা হলে i ) Local: Hira Enterprise (Principal: Hepburn Engineering Inc, Canada) এবং ii) Local: Creative Engineers ltd. (Principal: Bosch Rexroth B.V. The Netherlands) টেন্ডারে অংশ গ্রহণ করে। টেন্ডার ইভাল্যুয়েশন কমিটি কর্তৃক Creative Engineers ltd.কে টেকনিক্যালি নন রেসপোন্সিভ করা হলে শুধুমাত্র Hira Enterprise এর আর্থিক দরপত্র খোলা হয়, যেখানে স্থানীয় Hira Enterprise কর্তৃক সর্বমোট ১৬,২৭,০০,০০০ টাকা দর প্রস্তাব করা হয়, যা প্রাক্কলিত মূল্য অপেক্ষা (১৬,২৭,০০,০০০-৯,০০,০০,০০০) = ৭,২৭,০০,০০০/- টাকা অতিরিক্ত এবং শতকরা হিসেবে ৮০.৭৮% এর উর্ধ্বে। পিপিএ-২০০৬ এর ধারা ৩১(৩) মোতাবেক উন্মুক্ত দরপত্র পদ্ধতির অধীন কার্য ক্রয়ের ক্ষেত্রে কোন দরপত্রদাতা কর্তৃক দরপত্রে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost estimate) ১০% এর অধিক কম বা অধিক বেশি দর উদ্ধৃত করা হলে উক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে। কিন্তু এক্ষেত্রে উক্ত দরপত্র বাতিল না করে Hira Enterprise এর আর্থিক দরপ্রস্তাব অনুমোদনের জন্য নৌবাহিনীর সদর দপ্তরে প্রেরণ করা হয়। নৌ সদর দপ্তর পত্র নং- ২৩.০২.২৬২৬.১৮২. ৪৪.৫৫১. ১৮. ২৮৯ তারিখ: ০৯/০১/২০১৯খ্রি. এর মাধ্যমে যে সব কারণ এবং যুক্তি উল্লেখপূর্বক নৌবাহিনী প্রধান কর্তৃক দর প্রস্তাব অনুমোদন করে ক্রয় চুক্তি নং-২৪২.০৪৫.১৮ তারিখ: ১১/০২/২০১৯ সম্পাদন করা হয়, যা গ্রহণযোগ্য নয়। এক্ষেত্রে প্রাক্কলিত মূল্য অপেক্ষা অধিক দরে চুক্তি সম্পাদন করায় সরকারের ৭,২৭,০০,০০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

**অনিয়মের কারণ:**

পিপিএ-২০০৬ এর ধারা ৩১(৩) লঙ্ঘন ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

স্থানীয় কর্তৃপক্ষ লিখিত জবাব প্রদানে বিরত থাকেন।

**নিরীক্ষা মন্তব্য:**

প্রাক্কলিত মূল্য অপেক্ষা ৮০.৭৮% অধিক মূল্যে অর্থাৎ ৭,২৭,০০,০০০ টাকা অতিরিক্ত মূল্যে ০১(এক) টি Astern Underway Replenishment (UNREP) System ক্রয় করার জন্য চুক্তি সম্পাদন করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। ২৯-০৭-২০২০খ্রি: তারিখে ০১(এক) মাস সময়ের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের অনুরোধ জানিয়ে চূড়ান্ত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৩-০৯-২০২০ খ্রি: তারিখে তাগিদপত্র জারি করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশ:**

দায়-দায়িত্ব নির্ধারণ সহ অতিরিক্ত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অডিট অনুচ্ছেদ নং-১০**

**শিরোনাম: চুক্তি সম্পাদন ব্যতিত ক্রয় প্রক্রিয়া সম্পাদন করায় সরকারের অনিয়মিত ব্যয় ৮,০০,৩০০ (আট লক্ষ তিনশত) টাকা।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), ঢাকা কার্যালয়ে ২০১৮-২০১৯ অর্থবছরে চুক্তি সম্পাদন ব্যতিত ক্রয় প্রক্রিয়া সম্পাদন করায় সরকারের অনিয়মিত ব্যয় ৮,০০,৩০০ টাকা।

নিরীক্ষাকালে ডিজিডিপি কার্যালয়ের প্রশাসন শাখায় রক্ষিত বাজেট রেজিষ্টার, ক্যাশবুক ও বিভিন্ন বিল ভাউচার যাচাইয়ে দেখা যায়, ২০১৮-২০১৯ অর্থবছরে চুক্তি সম্পাদন না করে ডিজিডিপি কার্যালয়ে ব্যবহারের জন্য কম্পিউটার যন্ত্রাংশ ও সফটওয়ার ক্রয় এবং স্থাপনে কোটেশন প্রদানে অনুরোধ জ্ঞাপন পদ্ধতি দেখিয়ে অনিয়মিতভাবে ৮০০,৩০০ টাকা ব্যয় করা হয়েছে। পিপিআর বিধি ৬৯(১), ৭০(২), ৭,৭৩ মোতাবেক দরদাতাগনকে যোগ্যতার সমর্থনে বৈধ লাইসেন্স,আয়কর সনাক্তকরণ নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি এবং আর্থিক স্বচ্ছলতার সমর্থনে ব্যাংক স্থিতির সনদপত্র দাখিল সাপেক্ষে কোটেশনের মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করার বিধান থাকলেও আলোচ্য ক্ষেত্রে বর্ণিত নির্দেশনা পরিপালন না করে চুক্তি সম্পাদন ব্যতীত কম্পিউটার যন্ত্রাংশ ও সফট্ওয়ার ক্রয় এবং স্থাপন বাবদ মেসার্স এআর এন্টারপ্রাইজ কে সর্বমোট (৪,৫৫,৩০০ +৩,৪৫,০০০) = ৮,০০,৩০০ টাকা পরিশোধ করা হয় (বিস্তারিত পরিশিষ্ট - (৭) এ দেখানো হলো।

